



বাংলাদেশ  
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

University Grants Commission of Bangladesh

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

website: [www.ugc.gov.bd](http://www.ugc.gov.bd)



স্মারক নং- ইউজিসি/প্রশাঃ/২(১২৩)/৮২ (৭)/৩৩২০

তারিখ : ২৮ ভাদ্র ১৪২৮  
১২ সেপ্টেম্বর ২০২১

বিষয় : পাবলিক বিশ্ববিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর শিক্ষক/কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ প্রদান নীতিমালার আওতায় ড. মোঃ সুলতান মাহমুদ ভূইয়া, পরিচালক, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা এর অনুকূলে গৃহ নির্মাণ ঋণ প্রদানে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর সম্মতি এবং সাময়িক মঞ্জুরী আদেশ।

পাবলিক বিশ্ববিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর শিক্ষক/কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ প্রদানের লক্ষ্যে অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ২৬-১২-২০১৯ তারিখের ০৭.০০.০০০০.২০৬.৯৯.০০৭.১৯-৫৩২ নম্বর পরিপত্র অনুযায়ী বাস্তবায়নকারী সংস্থা জনতা ব্যাংক লিমিটেড তাদের ৩১-০৮-২০২১ তারিখের বিমক/মোসাহো/গর্ত: এইচবিএল/সুলতান মাহমুদ/সাময়িক অনুমোদন/২০২১/ নম্বর স্মারকে প্রস্তাবিত ড. মোঃ সুলতান মাহমুদ ভূইয়া এর অনুকূলে শর্ত সাপেক্ষে ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা ঋণ প্রদানের জন্য সাময়িক মঞ্জুরী জ্ঞাপন করেছে।

বাস্তবায়নকারী সংস্থার সাময়িক মঞ্জুরীপত্রে বর্ণিত শর্তে এবং পরিপত্রের ৮নং অনুচ্ছেদ মোতাবেক প্রস্তাবিত ঋণগ্রহীতার অনুকূলে ছকে বর্ণিত তথ্য অনুযায়ী ঋণ প্রদানে সম্মতি এবং সুদ ভর্তুকি প্রদানের সাময়িক মঞ্জুরী জ্ঞাপন করা হ'ল।


প্রস্তাবিত ঋণগ্রহীতার নাম (NID সহ)	ড. মোঃ সুলতান মাহমুদ ভূইয়া, নং- ১৯৬৮২৬৯৪৮০৩৫৬৯১৫৭
বাস্তবায়নকারী সংস্থা	জনতা ব্যাংক লিমিটেড, ইউজিসি ভবন কর্পোরেট শাখা, ঢাকা। হিসাব নম্বর- ০১০০০০৬৯৩২৫৫৫৪, রাউটিং নং- ১৩৫২৬৪৫৭৯
প্রস্তাবিত ঋণের পরিমাণ	২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা
ঋণ আবেদনের কারণ	<input checked="" type="checkbox"/> ফ্ল্যাট ক্রয়, <input type="checkbox"/> বাড়ি নির্মাণ, <input type="checkbox"/> জমি ক্রয়সহ বাড়ি নির্মাণ
প্রস্তাবিত ঋণের ধরন	<input checked="" type="checkbox"/> একক, <input type="checkbox"/> গ্রুপ ভিত্তিক
মাসিক সুদ ভর্তুকির পরিমাণ	৯,৭৪১/- (বার হাজার দুইশত একুশ) টাকা (চূড়ান্ত মঞ্জুরী অনুযায়ী পরিবর্তন সাপেক্ষে)
মোট সুদ ভর্তুকির পরিমাণ	৬,৫২,৬২০/- (ছয় লক্ষ বায়ান্ন হাজার ছয়শত বিশ) টাকা (চূড়ান্ত মঞ্জুরী অনুযায়ী পরিবর্তন সাপেক্ষে)
সুদ ভর্তুকি সমাপ্তির তারিখ	<input type="checkbox"/> ঋণের মেয়াদ পূর্ত পর্যন্ত, <input checked="" type="checkbox"/> পিআরএল সমাপ্তির তারিখ : ১৫-০৯-২০২৭

তবে শর্ত থাকে যে,

- এই মঞ্জুরী আদেশ ঋণগ্রহীতার আবেদন এবং বাস্তবায়নকারী প্রতিষ্ঠানের সিডিউল ও সাময়িক মঞ্জুরী আদেশ যাচাই-বাছাই অন্তে জারী করা হ'ল। মঞ্জুরী আদেশ প্রাপ্তির পর বাস্তবায়নকারী সংস্থা নিয়মানুযায়ী চূড়ান্ত মঞ্জুরীপত্র ও সিডিউল প্রস্তুতপূর্বক গৃহ নির্মাণ ঋণের অর্থ ছাড় করতে পারবে। বাস্তবায়নকারী সংস্থা চূড়ান্ত সিডিউল এর কপি ইউজিসি বরাবরে প্রেরণ করবে।
- ফ্ল্যাট ক্রয়ের ক্ষেত্রে ঋণের অর্থ প্রাপ্তির সর্বোচ্চ ০৬ (ছয়) মাস পর ঋণগ্রহীতা কর্তৃক মাসিক পরিশোধের কিস্তি আরম্ভ হবে। চূড়ান্ত তফসিল মোতাবেক যে মাস হতে ঋণের কিস্তি পরিশোধ আরম্ভ হবে, তার পূর্ববর্তী মাসের বেতন বিলের সাথে তাঁর অনুকূলে প্রদেয় সুদ ভর্তুকির টাকা প্রদান আরম্ভ হবে।
- সুদ ভর্তুকি বাবদ প্রদেয় অর্থ, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের পরিচালন বাজেটের আওতায় পাবলিক বিশ্ববিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর শিক্ষক/কর্মচারীদের গৃহ নির্মাণ ঋণের সুদের উপর ভর্তুকি পরিশোধ করা হবে।
- নীতিমালা অনুসারে প্রস্তাবিত ঋণগ্রহীতার নামীয় ব্যাংক হিসাব নম্বর এর মাধ্যমে ঋণ বিতরণ ও ঋণের মাসিক কিস্তির টাকা আদায়সহ তাঁর বেতন/ভাতা/পেনশন সংক্রান্ত সমৃদয় কার্যক্রম পরিচালিত হবে।
- প্রস্তাবিত ঋণগ্রহীতাকে এই মর্মে ব্যাংকের নির্ধারিত ফরমে ক্ষমতা প্রদান করতে হবে যে, “তাঁর ব্যাংক হিসাবে জমাকৃত মাসিক বেতন থেকে তফলিলে বর্ণিত ঋণের কিস্তির (আসল+সুদ) সমপরিমাণ টাকা কিস্তি হিসাবে কর্তনের পর অবশিষ্ট অর্থ তিনি উত্তোলন করবেন”।
- ঋণগ্রহীতা ঋণের মেয়াদ পূর্তির তারিখ অথবা অবসর গ্রহণের ক্ষেত্রে পিআরএল সমাপ্তির তারিখ এর মধ্যে যেটি আগে সেই পর্যন্ত সরকার প্রদত্ত সুদ বাবদ ভর্তুকি সুবিধা প্রাপ্য হবেন। অবসর গ্রহণের পর ঋণের কিস্তি অপরিশোধিত থাকলে সুদের হার অপরিবর্তিত রেখে প্রতিষ্ঠান-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে অবশিষ্ট ঋণ পুনঃতফসিলীকরণ (Re-schedule) করে নিতে পারবেন।
- ঋণগ্রহীতা লিয়েনে গমন করলে কিংবা স্বেচ্ছায় অবসরে গমন/চাকুরি ত্যাগ করলে অথবা কমিশন কর্তৃক তাঁকে সাময়িক বরখাস্ত/চাকুরি হতে বরখাস্ত/বাধ্যতামূলক অবসর প্রদান/চাকুরিচ্যুত করা হলে তিনি বিষয়টি অনতিবিলম্বে বাস্তবায়নকারী প্রতিষ্ঠান এবং অর্থ বিভাগকে অবহিত করবেন এবং এসকল ক্ষেত্রে আদেশ জারির তারিখ হতে ঋণের অবশিষ্ট মেয়াদের জন্য সুদ বাবদ প্রদত্ত ভর্তুকি সুবিধা প্রত্যাহার করা হবে।

- (জ) কোন কারণবশতঃ Pay Point পরিবর্তন হলে ঋণগ্রহীতা অনতিবিলম্বে বিষয়টি বাস্তবায়নকারী সংস্থা ও অর্থ বিভাগকে অবহিত করবেন এবং এ পরিবর্তনজনিত কারণে কিস্তি প্রদানে জটিলতা দেখা দিলে তা নিরসনে উদ্যোগী হবেন।
- (ঝ) ঋণগ্রহীতার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু এবং দুর্নীতির মামলার ক্ষেত্রে চার্জশীট দালিক হলে সাথে সাথে বিষয়টি অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগকে এবং সংশ্লিষ্ট বাস্তবায়নকারী প্রতিষ্ঠানকে অবহিত করা হবে।
- (ঞ) এ মঞ্জুরীপত্রে কোন অস্পষ্টতা বা কোন অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ২৬-১২-২০১৯ তারিখের ০৭.০০.০০০০.২০৬.৯৯.০০৭.১৯-৫৩২ নম্বর পরিপত্রের বিধানাবলী পরিপালনযোগ্য হবে।
- (ট) এই নীতিমালা বাস্তবায়নে কোন অস্পষ্টতা দেখা দিলে তা সরকার ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং বাস্তবায়নকারী সংস্থা আলোচনার ভিত্তিতে নিষ্পত্তি করবে।
- (ঠ) পরবর্তীতে কোনরূপ অসম্পূর্ণ অথবা অসত্য কিংবা নীতিমালার সাথে অসংগতিপূর্ণ কোন তথ্য পরিলক্ষিত হলে এ আদেশ যেকোন সময় বাতিল করার ক্ষমতা বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন সংরক্ষণ করবে।
- (ড) এ মঞ্জুরী আদেশের মেয়াদ আদেশ জারির তারিখ হতে সর্বোচ্চ ৯০ (নব্বই) দিন বলবৎ থাকবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,


  
ড. ফেরদৌস জামান  
সচিব (অতিরিক্ত দায়িত্ব)  
ফোনঃ ৫৮১৬০১০৬

স্মারক নং- ইউজিসি/প্রশাঃ/২(১২৩)/৮২ (৭)/ ৬৬২০

তারিখ : ২৮ ভাদ্র ১৪২৮  
১২ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'ল :

- ১। অতিরিক্ত সচিব, গৃহ নির্মাণ ঋণ কোষ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। ড. মোঃ সুলতান মাহমুদ ভূইয়া, পরিচালক, জেনারেল সার্ভিসেস, এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, ইউজিসি, ঢাকা।
- ৩। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), অর্থ ও হিসাব বিভাগ, ইউজিসি, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, আইএমসিটি বিভাগ, ইউজিসি, ঢাকা। (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)
- ৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব ইউজিসি, ঢাকা।
- ৬। ব্যবস্থাপক, জনতা ব্যাংক লিমিটেড, ইউজিসি ভবন কর্পোরেট শাখা, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ৭-৮। সহকারী সচিব, সদস্য (প্রশাসন/অর্থ ও হিসাব বিভাগের দায়িত্বপ্রাপ্ত) মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
- ৯। সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ইউজিসি, ঢাকা।
- ১০। অফিস আদেশ নথি।
- ১১-১২। সংশ্লিষ্ট নথি/মহানথি।

  
২২/০৯/২০২১  
নাসরিন সুলতানা  
সহকারী সচিব

Tahmina Rahman  
13/9/21  
ACP